অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক

**নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

**মোকাম ২য় যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, গাজীপুর।**

**<u>অর্থজারী মামলা নং-৪৮/২০২২</u>**

**সোনালী ব্যাংক লিঃ**, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা পক্ষে ডেপুটি জেনারেল ম্যানেজার.

..................ডিক্রীদার।

-বনাম-

১। **রিয়া এ্যাপারেলস্ লিঃ**, পক্ষে ব্যবস্থাপনা পরিচালক- মোঃ জাহিদ হোসেন, প্রকল্প ঠিকানা- ২/১, সাঈদ মৃধা রোড, দত্তপাড়া, থানা- টঙ্গী, গাজীপুর। অফিস ঠিকানা- ১৯/সি, নিউ ডিওএইচএস, বাড়ী নং- ২৮৮ (নীচ তলা), থানা- ঢাকা সেনানিবাস, ঢাকা।

২। মিসেস শামিমা ইসলাম, স্বামী- কাজী নজরুল ইসলাম, চেয়ারম্যান-রিয়া এ্যাপারেলস লিঃ, সাকিন- ৬২৩, শাহীনবাগ, থানা- তেজগাঁও, ঢাকা।

৩। মোঃ জাহিদ হোসেন, পিতা- মৃত হাজী মোজাফ্ফর হোসেন, ব্যবস্থাপনা পরিচালক-রিয়া এ্যাপারেলস লিঃ, সাকিন- ৮২/১ মনিপুরী পাড়া, থানা- তেজগাঁও, জেল্য- ঢাকা।

৪। মোঃ সেলিম রেজা, পিতা- মোজাম্মেল হক, পরিচালক-রিয়া এ্যাপারেলস লিঃ, সাকিন- হোটেল পাড়া, থানা-সদর, জেলা-মেহেরপুর।

৫। মোঃ এবাদত সাঈদ, পিতা- অধ্যাপক মোঃ আবু ইব্রাহীম, পরিচালক-রিয়া এ্যাপারেলস লিঃ, সাকিন- ৪৫, শান্তিনগর, থানা- পল্টন, জেলা- ঢাকা।

৬। মোঃ করিম মৃধা, পিতা- মৃত আবু তাহের, পরিচালক-রিয়া এ্যাপারেলস লিঃ, সাকিন- গ্রাম- দত্তপাড়া, পোঃ মুন্নুনগর, থানা- টঙ্গী, জেলা- গাজীপুর।

...............<u>দায়িকগন</u>

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য **২৮/০২/২০১৯ ইং তারিখ পর্যন্ত** পাওনা ১৪,৬১,০৬,৭৮৪/৮৪ **(চৌদ্দ কোটি একষট্টি লক্ষ ছয় হাজার সাতশত চুরাশি দশমিক আট চার) টাকা মাত্র** আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তি সহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। আগামী ২৬/০৫/২৪ ইং তারিখে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

## <u>নিলামের শর্তাবলী</u>

১। আগামী ২৬/০৫/২৪ ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ **১ম যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত,** গাজীপুর এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ

৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মূখে ঐ একই দিন অর্থাৎ 26/05/24 ইং তারিখ বিকেল ২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

বন্ধকীতব্য সম্পত্তির তফসিল

<u>তফসিল</u>

জেলা-ঢাকা, হালে- গাজীপুর, থানা ও সাব রেজিষ্ট্রি অফিস- টংগী অধীন মৌজা- দত্তপাড়া, জে.এল নং- ১৩৮, খতিয়ান নং-২১৮, দাগ নং- ৮৯৮/১৩৪৯ জমির পরিমান ৭(সাত) শতাংশ এবং তথায় নির্মিত কাঠামো/দালান এবং স্থাপিত/স্থাপিতব্য যন্ত্রপাতি ও কলকব্জা সহ। যাহার চৌহদ্দি ঃ পৌর সভার রাস্তা, দক্ষিণে- সৈয়দ আহাম্মদ আলী, পূর্বে- মোঃ রফিকুল ইসলাম পাটোয়ারী ও রজম আলী মিস্ত্রি, পশ্চিমে- মোঃ নুরুল ইসলাম, নুর জাহান ও মিসেস আমেনা সিদ্দিক। উহার মিউনিসিপ্যাল হোল্ডিং নং-২/১, সায়িদ মৃধা রোড।

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার

**২য় যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, গাজীপুর।**